অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অগ্রসরমান COVID-19 বৈশ্বিক মহামারীর মাঝে, নিউ ইয়র্কে চারটি অস্থায়ী হাসপাতালের স্থানের ব্যাপারে সেনাবাহিনীর প্রকৌশল বিভাগের সুপারিশ গ্রহণ করেছেন গভর্নর কুউমো

সেনাবাহিনী কর্তৃক SUNY স্টোনি ব্রুক, SUNY ওয়েস্টবারি, ওয়েস্টচেস্টার কাউন্টি সেন্টার এবং জ্যাকব কে. জেভিটস সেন্টারে নির্মাণ শুরু করার জন্য প্রস্তুত নিউ ইয়র্ক

ঘোষণা করা হয়েছে জেভিটস সেন্টারে FEMA ফেডারেল হাসপাতালগুলো সজ্জিত করবে - যা হবে চারটি 250 শয্যা বিশিষ্ট পুরোপুরি সজ্জিত এবং সম্পূর্ণ কর্মীযুক্ত ফ্যাসিলিটি

অস্থায়ী হাসপাতালে রূপান্তর করতে স্টেট ব্রুকলিনে 600-শয্যার ধারণক্ষমতা বিশিষ্ট নার্সিং হোম ইজারা নিয়েছে বলে ঘোষণা করা হয়েছে

তাৎক্ষণিকভাবে প্রতিরক্ষা উৎপাদন আইন কার্যকর করতে ফেডারেল সরকারকে আহ্বান জানানো হয়েছে - যা মেডিকেল সাপ্লাই চেইনকে জাতীয়করণ করবে

ব্যক্তি, স্টেট এবং স্থানীয় সরকার এবং ব্যবসাগুলোতে অনুদান প্রেরণকে অগ্রাধিকার দেওয়ার জন্য ফেডারেল সরকারকে আহ্বান জানানো হয়েছে - যেখানে করদাতাগণ কর্পোরেশনের সাফল্যে ভাগ করে নেবে

ওষুধের কার্যকারিতা পরীক্ষা বাস্তবায়ন করতে 70,000 ডোজ হাইড্রোক্সিক্লোরোকুইন, 10,000 ডোজ জিথ্রোম্যাক্স এবং 750,000 ডোজ ক্লোরোকুইন সংগ্রহ করা হয়েছে - মঙ্গলবার এই পরীক্ষা শুরু করা হবে

FDA-কে অবিলম্বে COVID-19 অ্যান্টিবডির জন্য সেরোলজিকাল পরীক্ষা-নিরীক্ষা অনুমোদনের অনুরোধ জানানো হয়েছে

সমস্ত হাসপাতালের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের জরুরি আদেশ ঘোষণা করা হয়েছে যে সমস্ত হাসপাতালের জন্য 100 শতাংশ লক্ষ্যসহ ন্যূনতম 50 শতাংশ সক্ষমতা প্রসারিত করার পরিকল্পনা করতে হবে

সমস্ত ঐচ্ছিক, গুরুত্বপূর্ণ নয় এমন অস্ত্রোপচার বাতিল করা হয়েছে - যা 25শে মার্চ বুধবার থেকে কার্যকর হবে

নিউ ইয়র্ক সিটিতে সামাজিক দূরত্বের নীতিসমূহের আনুগত্যের অভাব মোকাবেলায় 24 ঘন্টার মধ্যে পর্যালোচনা করার পরিকল্পনা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 4,812টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 15,168-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 31 টি কাউন্টিতে

করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) বৈশ্বিক মহামারীর ফলস্বরূপ আসন্ন সক্ষমতার সমস্যাগুলো সমাধানের প্রচেষ্টা হিসেবে আজ নিউ ইয়র্ক স্টেটে চারটি অস্থায়ী হাসপাতালের স্থানের ব্যাপারে সেনাবাহিনীর প্রকৌশল বিভাগের (Army Corps of Engineers) সুপারিশ গ্রহণ করেছেন গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো। জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টার (Jacob K. Javits Convention Center) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক স্টোনি ব্রুক (SUNY Stony Brook), SUNY ওল্ড ওয়েস্টবারি (Old Westbury) এবং ওয়েস্টচেস্টার কনভেনশন সেন্টারের অবস্থান (Westchester Convention Center) - এই চারটি স্থান গভর্নর গতকাল পরিদর্শন করেছেন এবং সেনাবাহিনীর প্রকৌশল বিভাগ কর্তৃক নির্মাণকার্য শুরু করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট প্রস্তুত রয়েছে। SUNY ক্যাম্পাসের স্থানে বাইরে তাবুর সুবিধাসহ হাসপাতালগুলো অভ্যন্তরে নির্মিত হবে এবং ক্যাম্পাসের ডরমেটরিগুলি স্বাস্থ্যসেবা কর্মীদের সেই স্থানে কাজ করার সময় তাদের অবস্থানের জন্য ব্যবহার করা হবে।

গভর্নর কুওমো আরও ঘোষণা করেছিলেন যে ফেডারেল জরুরি ব্যবস্থাপনা সংস্থা (Federal Emergency Management Agency, FEMA) সেনাবাহিনী দ্বারা নির্মিত অস্থায়ী হাসপাতাল ছাড়াও জেভিটস সেন্টারে চারটি অতিরিক্ত ফেডারেল হাসপাতাল ফ্যাসিলিটি স্থাপন করবে। চারটি ফেডারাল হাসপাতালের প্রত্যেকটিতেই 250টি শয্যা থাকবে এবং সেগুলো ফেডারেল সরকার দ্বারা পুরোপুরি সজ্জিত ও পুরোপুরি কর্মচারী সম্পন্ন হবে।

গভর্নর আরও ঘোষণা করেছিলেন যে স্টেট অস্থায়ী হাসপাতাল হিসাবে ব্যবহারের জন্য বিদ্যমান স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিগুলো পুনর্নির্মাণের স্থান দ্রুত সনাক্তকরণের কাজ অব্যাহত রেখেছে। স্টেট শনিবারে ব্রুকলিন হেলথ সেন্টার ফর রিহ্যাবিলিটেশন অ্যান্ড হেলথকেয়ারকে (Brooklyn Health Center for Rehabilitation and Healthcare) 600 শয্যার ক্ষমতা সম্পন্ন অস্থায়ী হাসপাতাল হিসাবে সেবা দেওয়ার জন্য ইজারা নিয়েছে।

অধিকন্তু, গভর্নর কুওমো তাৎক্ষণিকভাবে প্রতিরক্ষা উৎপাদন আইন (Defense Production Act) কার্যকর করতে এবং চিকিৎসার রসদের বিষয়ে চুক্তি ও অধিগ্রহণকে জাতীয়করণ করার জন্য ফেডারেল সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যে মাস্ক, গ্লাভস, গাউন এবং ভেন্টিলেটরসহ চিকিৎসা রসদ এবং ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (personal protective

equipment) - বা PPE-এর ঘাটতির সম্মুখীন হয়েছে। এই ঘাটতি অন্যান্য স্টেটসমূহেও প্রভাব ফেলছে, রসদের জন্য সংস্থা, হাসপাতালসমূহ একে অন্যের সাথে প্রতিযোগিতা করছে এবং স্টেটসমূহ অন্য স্টেটের এবং অন্যান্য রাষ্ট্রের সাথেও প্রতিযোগিতা করার ফলে মূল্য বৃদ্ধি পাচ্ছে। প্রতিরক্ষা উৎপাদন আইন কার্যকর করার মাধ্যমে বেসরকারী সংস্থাগুলোকে সমস্ত রাজ্যের জন্য এই গুরুত্বপূর্ণ রসদ উৎপাদন করতে বাধ্য করার জন্য ফেডারেল সরকারকে আইনী কর্তৃত্ব দেওয়া হবে।

এছাড়াও গভর্নর ব্যক্তি, স্টেট এবং স্থানীয় সরকার ও ব্যবসাসমূহের জন্য অনুপ্রেরণা তহবিল প্রেরণকে অগ্রাধিকার দিতে ফেডারেল সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। তাঁর এই আহ্বানের অংশ হিসাবে, গভর্নর স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন যে কর্পোরেশনসমূহে জন্য তহবিল করদাতাদের খরচে যেন কোনও উপঢৌকন না হয় এবং করদাতাদের অবশ্যই কর্পোরেশনগুলোর সাফল্যে অংশীদার করতে হবে।

গভর্নর আরও ঘোষণা করেছেন স্টেট যে ওষুধের কার্যকারিতা পরীক্ষার প্রয়োগ শুরু করবে এবং 70,000 ডোজ হাইড্রোক্সিক্লোরোকুইন (Hydroxychloroquine), 10,000 ডোজ জিথ্রোম্যাক্স (Zithromax) এবং 750,000 ডোজ ক্লোরোকুইন (Chloroquine) সংগ্রহ করা হয়েছে। মঙ্গলবার এই পরীক্ষাসমূহ শুরু করা হবে।

তাছাড়া গভর্নর কুউমো খাদ্য এবং ঔষধ প্রশাসনকে (Food and Drug Administration, FDA) অচিরেই COVID-19-এর অ্যান্টিবডিগুলোর জন্য সেরোলজিকাল পরীক্ষার অনুমোদনের আহ্বান জানান, যা কোনও ব্যক্তির ইতিমধ্যে ভাইরাস ছিল এবং সমাধান হয়েছে কিনা তা নির্ধারণ করতে সাহায্য করবে। এটির সাহায্যে স্বাস্থ্যসেবা কর্মীসহ আরও বেশি ব্যক্তি কাজে ফিরতে পারবেন এবং তারা হাসপাতালে চিকিৎসা কর্মীদের ঘাটতি মেটাতে সহায়তা করবেন।

সমস্ত হাসপাতালের মধ্যে হাসপাতালের সক্ষমতা বাড়ানোর পরিকল্পনা বিকাশ করা প্রয়োজন মর্মে গভর্নর কুউমো একটি নতুন স্টেট স্বাস্থ্য অধিদপ্তরের (State Department of Health) জরুরি আদেশ ঘোষণা করেছেন। পরিকল্পনা হলো সক্ষমতা 100 শতাংশ বাড়ানোর লক্ষ্যসহ সর্বনিম্ন 50 শতাংশ সক্ষমতা প্রসারিত করা।

তাছাড়া গভর্নর আরও ঘোষণা করেছেন যে হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধির জন্য সকল হাসপাতালকে নির্বাচক, গুরুত্বপূর্ণ নয় এমন অস্ত্রোপচারের বাতিল করার জন্য স্টেট আদেশপত্র জারি করবে - যা 25শে মার্চ, বুধবার কার্যকর হবে।

গতকাল নিউ ইয়র্ক সিটি পরিদর্শন শেষে, গভর্নর নিউ ইয়র্ক সিটিকে স্টেটের পর্যালোচনা করার পরিকল্পনাটি আগামী 24 ঘন্টার মধ্যে পার্ক ও গণস্থানসহ অন্যান্য এলাকায়, সামাজিক দূরত্বের নীতির অনুপস্থিতির সমাধানের জন্যও নির্দেশ দিয়েছেন।

"এই সঙ্কটটি কাটিয়ে ওঠার জন্য আমাদের নিশ্চিত হওয়া দরকার যে আমাদের হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থায় রোগীদের চিকিৎসা এবং জীবন বাঁচানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, সুবিধা এবং

কর্মচারী রয়েছে এবং যেসকল নিউ ইয়র্কবাসীর জীবন এই ভাইরাসের ফলে পুরোপুরি উল্টেপাল্টে গেছ তারা এই সংকট মোকাবেলায় অর্থনৈতিক উপশম পাচ্ছে সেটি নিশ্চিত করাও আমাদের জন্য প্রয়োজনীয়," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে আমাদের হাসপাতালের সক্ষমতা এবং সরবরাহ বাড়ানো এবং নিউ ইয়র্কাবাসীদের উপর আর্থিক বোঝা হ্রাস করার পরিকল্পনা রয়েছে। আমরা একটি স্টেট হিসাবে সম্ভাব্য সব কিছু করছি, তবে আমরা একা তা করতে পারবো না — আমাদের ফেডারেল সরকারের সহায়তার প্রয়োজন। আমি রাষ্ট্রপতির কাছে এই হাসপাতাল ফ্যাসিলিটিসমূহ দ্রুত অনুমোদন এবং কার্যকর করার জন্য, চিকিৎসা রসদ অধিগ্রহণকে জাতীয়করণ এবং ব্যক্তিদের কাছে কর্মপ্রেরণামূলক অর্থ প্রেরণের অগ্রাধিকার দেয়ার জন্য আহ্বান করছি। সময় মনোযোগের লক্ষ্য এবং প্রতিটি মিনিটই গণনা করতে হবে কারণ অনেকগুলো জীবন ঝুঁকির মুখোমুখি। আমরা যে কোনও চ্যালেঞ্জকে কাটিয়ে উঠতে সক্ষম একটি জাতি - আমরা এই চ্যালেঞ্জকে পরাভূত করব এবং আমেরিকা এর ফলে আরও মহান হয়ে উঠবে এবং আমার আশা যে নিউ ইয়র্ক এই সম্মুখ পথে অগ্রাগামী হবে।"

পরিশেষে, গভর্নর আরও 4,812টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজুজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 15,168-তে উন্নীত করে। মোট 15,168 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	123	35
Allegany	2	0
Broome	3	1
Chenango	3	1
Clinton	4	0
Columbia	5	3
Cortland	1	1
Delaware	3	2
Dutchess	82	33
Erie	54	16
Essex	3	1
Fulton	1	0
Genesee	1	0
Greene	2	0
Hamilton	2	0
Herkimer	4	1
Jefferson	1	0
Livingston	2	0
Madison	1	1
Monroe	57	15

Montgomery	3	0
Nassau	1,900	667
Niagara	6	2
New York City	9,045	2,832
Oneida	5	1
Onondaga	29	12
Ontario	6	2
Orange	247	84
Putnam	37	15
Rensselaer	26	6
Rockland	455	193
Saratoga	41	6
Schenectady	39	7
Schoharie	1	0
St. Lawrence	1	1
Steuben	3	1
Suffolk	1,034	373
Sullivan	16	4
Tioga	1	0
Tompkins	13	2
Ulster	26	8
Warren	1	0
Washington	1	0
Wayne	3	0
Westchester	1,873	486
Wyoming	2	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন